দৈনিক সংবাদ

তারিখ ... 11 MAY 1990 ..
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

29

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী পরীক্ষার খাতা কেলেংকারি দায়ে ৭ জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১০ই মে।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিগ্রী (পাস) পরীক্ষায় খাতা কেলেংকারির সঙ্গে জড়িত থাকার অভিযোগে পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের ৪জন কর্মচারীকে সাময়িকভাবে বহিষ্কার ও ৩ জন কর্মকর্তাকে বাধ্যতামূলক ছুটি প্রদান করা হয়েছে। আজ বেলা ১১টায় অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক বিশেষ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

ডিগ্রী (পাস) পরীক্ষায় খাতা কেলেংকারির বিষয়টি তদন্তের জন্য গত ১৫ই ফেব্রুয়ারী অভ্যন্তরীণ ৪ জন ডীনকে নিয়ে একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়।

কমিটি তদন্ত চালিয়ে চূড়ান্ত রিপোর্ট তৈরী করে এবং কর্তৃপক্ষের কাছে একটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন পেশ করে।

প্রতিবেদনটি বিবেচনা করে আজ সিন্ডিকেটের বিশেষ সভা আহ্বান করা হয়।

বৈঠকে ঘটনার সংগে জড়িত থাকার অভিযোগে পরীক্ষা নিয়ন্ত্রণ দফতরের উর্ধ্বতন সহকারী আহসানউজ্জামান, উর্ধ্বতন সহকারী মুখলেসুর রহমান, নিম্নমান সহকারী

( শেষ পৃঃ ৩–এর কঃ দ্রঃ )

## ডিগ্রী পরীক্ষার খাতা

(১ম পাতার পর)

শাহাবুদ্দিন ভূইয়া ও উচ্চমান সহকারী খবির উদ্দিন আহমদকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়। তাছাড়া পরীক্ষা নিয়ন্ত্রণ দফতরের কর্মকর্তা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মহিউদ্দিন আহমদ খান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক কাজী হাবিবুর রহমান ও শাখা প্রধান আবদুল আউয়ালকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাধ্যতামূলক ছুটি প্রদান করা হয়েছে।